



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

০৯ আশ্বিন ১৪৩১

তারিখ: _____

২৪ সেপ্টেম্বর ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

ভার্চুয়াল পদ্ধতিতে পরিচালক পর্ষদ ও সহায়ক কমিটির সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ১৫ মে ২০২৩ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে প্রতিষ্ঠানের ব্যয়ে কৃচ্ছসাধন এবং বিদ্যুৎ ও জ্বালানির সশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে সভার গুরুত্ব ও শারীরিক উপস্থিতির প্রয়োজনীয়তা বিবেচনায় নিয়ে ফাইন্যান্স কোম্পানির পরিচালক পর্ষদ ও সহায়ক কমিটির সভাসমূহ হাইব্রিড পদ্ধতিতে অনুষ্ঠানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।

২। বর্তমানে সার্বিক পরিস্থিতি বিবেচনায় উপরোক্ত সার্কুলার লেটারটি বাতিল করা হলো। ফাইন্যান্স কোম্পানিসমূহের পরিচালক পর্ষদ ও সহায়ক কমিটির সভায় পরিচালকগণের সক্রিয় ও কার্যকর অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং প্রতিষ্ঠানের নিয়মিত কার্যক্রম যথাযথভাবে চলমান রাখার স্বার্থে সভাসমূহ সংশ্লিষ্ট সকলের শারীরিক উপস্থিতিতে আয়োজনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

৩। তবে, শতভাগ দেশীয় মালিকানাধীন নয় এরূপ ফাইন্যান্স কোম্পানির বিদেশী পরিচালকগণ ভার্চুয়াল পদ্ধতিতে পরিচালক পর্ষদ ও সহায়ক কমিটির সভায় অংশগ্রহণ করতে পারবেন।

৪। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।